ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭২৫

আগরতলা,৩ সেপ্টেম্বর,২০২৫

# টাস্ক মণিটরিং সিস্টেমের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী
# সাধারণ মানুষের সমস্যা হয়ে দাঁড়ায় এমন কোনও কাজ বরদাস্ত করা হবে না

মাদক বিরোধী অভিযান এবং মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। আইন শৃঙ্খলা রক্ষায় স্বতঃপ্রণোদিতভাবে আরক্ষা প্রশাসনকে তার কর্তব্য পালন করতে হবে। সাধারণ মানুষের সমস্যা হয়ে দাঁড়ায় এমন কোনও কাজ বরদাস্ত করা যাবে না। আজ সচিবালয়ে ভিডিও কনফারেন্স হলে রাজ্যবাসীর বিভিন্ন সমস্যা ও উত্তরণের বিষয়ে টাস্ক মণিটরিং সিস্টেমের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। এই সভায় মুখ্যমন্ত্রীর সচিব ড. পি. কে. চক্রবর্তী, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে, অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় সহ বিভিন্ন দপ্তরের সচিব, অধিকর্তা এবং ভার্চুয়ালি রাজ্যের ৮টি জেলার জেলাশাসক ও পুলিশ সুপারগণ অংশ নেন।

পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের আইন শৃঙ্খলা রক্ষায় পুলিশের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধ, নেশা সামগ্রীর পাচার প্রতিরোধে পুলিশকে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। স্বাস্থ্য পরিষেবার বিষয়ে মুখ্যমন্ত্রী বলেন, আয়ুষ্মান কার্ডের সুবিধাগুলি রাজ্যের বিভিন্ন হাসপাতাল প্রাঙ্গণে প্রচারের ব্যবস্থা করতে হবে। তাতে সুবিধা প্রাপকগণ এ সম্পর্কে আরও ভালোভাবে অবগত হতে পারবেন। ম্যালেরিয়া রোগ প্রতিরোধে এখন থেকেই সতর্ক দৃষ্টি রাখতে স্বাস্থ্য দপ্তরকে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, পিংক টয়লেট গড়ার কাজ আরও দ্রুত শেষ করতে হবে। শৌচালয়গুলি রক্ষণাবেক্ষণে উদ্যোগী হতে হবে। আগরতলা শহরকে আরও পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য মুখ্যমন্ত্রী আগরতলা পুরনিগম কর্তৃপক্ষকে উদ্যোগী হতে বলেন। বিদ্যুৎ পরিষেবা, পরিস্রুত পানীয়জলের ব্যবস্থা করা, বিভিন্ন জায়গায় রাস্তাগুলি সারাই করা প্রভৃতি বিষয়েও সভায় আলোচনা করা হয়।

*****